CAREERINDIA

**SET – 4**

**Series : GBM/C**

**Code No. 5**

**Roll No.**

Candidates must write the Code on the title page of the answer-book.

- Please check that this question paper contains **8** printed pages.
- Code number given on the right hand side of the question paper should be written on the title page of the answer-book by the candidate.
- Please check that this question paper contains **16** questions.
- **Please write down the Serial Number of the question before attempting it.**
- 15 minute time has been allotted to read this question paper. The question paper will be distributed at 10.15 a.m. From 10.15 a.m. to 10.30 a.m., the students will read the question paper only and will not write any answer on the answer-book during this period.

# বাংলা
# BENGALI

*সময় : 3 ঘণ্টা* — *সর্বোমোট অঙ্ক : 85*

*Time allowed : 3 Hours* — *Maximum Marks : 85*

## SECTION – A (Reading)

1. নিচের অনুচ্ছেদটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির উত্তর দাও : **1 + 1 + 1 + 1 + 1 = 5**

বছর কয়েক ধরে একটা কথা আমাদের অর্থনীতিতে খুব চালু হয়েছে। ইংরেজিতে বলা হচ্ছে গ্লোবালাইজেশন, বাংলায় বলেছি বিশ্বায়ন। মোদ্দা কথাটা হল আমাদের অর্থনীতিকে আর কোনো যবনিকার আড়ালে আটকে রাখা যাবে না। এতদিন আমরা স্বাধীন ভারতের অর্থনীতিকে কৃত্রিমভাবে আড়ালে রাখতে গিয়ে তার গায়ে দুনিয়ার রোদ জল হাওয়া কিছু লাগাতে দিইনি। ফলটা হয়েছে শুধু এই যে, ইট চাপা দেওয়া ঘাসের মতো আমাদের অর্থনীতি ফ্যাকাশে হয়ে উঠেছে। সবল তেজিয়ান হয়ে নিজের পায়ে দাঁড়াতে শেখেনি। সংরক্ষিত অর্থনীতিকে এভাবে আর রাষ্ট্রের আঁচল দিয়ে আড়াল করে রাখা হবে না। তার বদলে অর্থনীতিকে নিজের নিয়মে তাকে প্রতিযোগিতায় পাল্লা দিয়ে শিখতে হবে, উৎপাদিত দ্রব্যের গুণগত মান বাড়াতে হবে, কৃষি-শিল্পকে আর কাতর চোখে সরকারী ভরতুকির দিকে তাকিয়ে থাকতে দেওয়া হবে না, বিদেশী পূঁজিকে এদেশে আসবার পথ সহজতর করতে হবে। কিন্তু প্রশ্ন হ'ল এর ফলে ভারতবর্ষের অর্থনীতির নিজস্ব সমস্যা কতখানি মিটবে ?

www.careerindia.com

CAREERINDIA

(a) বছর কয়েক ধরে কোন কথাটা আমাদের অর্থনীতিতে চালু হয়েছে ?

(b) এতদিন ধরে স্বাধীন ভারতের অর্থনীতিকে কীভাবে রাখা হয়েছে ?

(c) তার ফল কী হয়েছে ?

(d) এখন আমাদের অর্থনীতিকে কী করতে হবে ?

(e) 'স্বাধীন' শব্দটির সন্ধিবিচ্ছেদ করলে কী হবে ?

2. নিচের অনুচ্ছেদটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির উত্তর দাও : **1 + 1 + 1 + 1 + 1 = 5**

আজ এই রোদ-পোড়া বিকেলে — যখন আকাশে দু-একটা মাত্র দলছাড়া মেঘ দেখা যায় আর ঝকঝকে রোদে ধুলোপড়া ফুটপাতও কেমন আয়নার মতো হয়ে ওঠে — আমার কেন জানি না, হঠাৎ ভালোদিদির কথা মনে পড়ে গেল । অথচ তেমন কোনো কারণ ছিল না । ভালোদিদিকে আমার ভালো করে মনেও পড়ে না । তাঁকে আমি শেষ দেখেছি প্রায় তিরিশ বছর আগে — সেই সময়েই তো তাঁর মৃত্যু হয়, আর তারপর আমার বড়ো হয়ে ওঠার এই এতোগুলো বছর এমন কিছু ঘটেনি, যা তাঁকে মনে পড়াতে পারে । বলতে কী, তাঁর মৃত্যুর সঙ্গে সঙ্গেই প্রায় আমরা তাঁকে ভুলে গিয়েছিলাম । আমাদের পরিবারে তিনি যেন ছিলেন একটা আধপোড়া বেঁটে মোমবাতির মতো । জ্বলছিলেন তো জ্বলছিলেন; যেই নিভে গেলেন কিছুটা তরল মোম ছাড়া আর কিছুই পড়ে রইলো না । আর পাছে সেই মোম শুকিয়ে মেঝেয় এঁটে বসে, তাই তাকে চেঁছে তুলে ফেলা হলো একটা ভাঙা ছুরির কোণা দিয়ে । ভালোদিদির কোনো ছবি আমাদের বাড়িতে ছিল না । এখন তিরিশ বছর পরে দেখছি, আমার মনের ওপর তাঁর ছবিটাও বেশ ঝাপসা হয়ে গেছে ।

(a) কী রকম দিনে বক্তার ভালোদিদির কথা মনে পড়ে গেল ?

(b) আনুমানিক কতদিন আগে ভালোদিদির মৃত্যু হয় ?

(c) বক্তার পরিবারে ভালোদিদির অবস্থানকে কীসের সঙ্গে তুলনা করা হয়েছে ?

(d) বক্তার মনে ভালোদিদির ছবি কী অবস্থায় রয়েছে ?

(e) 'তিরিশ' শব্দটির সাধুরূপ কী হবে ?

## SECTION – B (GRAMMAR)

3. ধ্বনিবিজ্ঞানের যে কোনো একটি রীতির সংজ্ঞাসহ দুটি উদাহরণ লেখ : **3 + 2 = 5**

(a) অভিশ্রুতি

(b) স্বরসঙ্গতি

(c) অপিনিহিতি



www.careerindia.com

4. যে কোনো একটি অলঙ্কারের উদাহরণসহ সংজ্ঞা লেখ : **2 + 3 = 5**

(a) অনুপ্রাস

(b) উপমা

(c) শ্লেষ

**অথবা**

অলঙ্কার নির্ণয় করো এবং অলঙ্কারটির সংজ্ঞা লেখ : (**একটি**)

(a) কি সুন্দর মালা আজি পরিয়াছো গলে প্রাচত :

(b) চাটুজ্জ্যে মশাই এ তোমার চাটুচাতুর্য !

(c) পাখির নীড়ের মতো চোখ তুলে নাটোরের বনলতা সেন।

(d) কোথা হা হন্ত, চিরবসন্ত ! আমি বসন্তে মরি।

5. যে কোনো চারটি বাগধারা/প্রবাদের অর্থ লেখ ও একটি করে বাক্য রচনা কর : **2 × 4 = 8**

গাছে কাঁঠাল গোঁফে তেল, নেই মামার চেয়ে কানামামা ভালো, দশদিন চোরের একদিন সাধুর, অতিভক্তি চোরের লক্ষণ, একাই একশো, হাঁটে হাড়ি ভাঙা।

## SECTION – C (Composition & Writing)

6. নিচে সংবাদপত্রের একটি প্রতিবেদন দেওয়া হ'ল। এটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির উত্তর দাও : **2 × 3 = 6**

সরকার কালো টাকার উপর ব্যবস্থা নিতে যে একটি কঠিন পদ্ধতি নিয়েছেন তা প্রশংসনীয় সন্দেহ নেই। কিন্তু সহসা পাঁচশো এবং হাজার টাকার নোট বাতিল হয়ে যাওয়াতে নানারকম মর্মান্তিক ঘটনার খবর সংবাদপত্রগুলিতে প্রকাশিত হচ্ছে। একজন মহিলা নাকি সারাদিন এটিএম-এর সামনে লাইন দিয়ে টাকা না পেয়ে বাড়ি ফিরে ছাদ থেকে লাফিয়ে পড়ে আত্মহত্যা করেছেন। আরেকজন মহিলা এটিএম থেকে টাকা তুলে বাড়ি ফেরার পথে দুষ্কৃতির পাল্লায় পড়ে সমস্ত টাকা খুইয়ে ফেলেন। অন্য একজন অল্পবয়সী যুবক তাঁর অসুস্থ স্ত্রীর চিকিৎসার জন্য নানা জায়গা থেকে টাকা ধার করে বারো লক্ষ টাকা একহাজার টাকার নোটে সংগ্রহ করেছিলেন। তিনি সেই টাকা ব্যাঙ্কে জমা করতে পারেন নি। আর এতগুলি টাকা ব্যাঙ্কে জমা করলে ব্যাঙ্ক তার একটা বড় অংশ কেটে নেবে এই কথা জেনে ভদ্রলোকটি তাঁর প্রতিবেশীকে অনুরোধ করেন এই মর্মে যে সেই প্রতিবেশী যেন তাঁকে এই ব্যাপারে সাহায্য করেন। প্রতিবেশীটি এই সাহায্যের বদলে ঐ যুবকের কাছে চার লক্ষ টাকা দাবী করেন। যুবকটি এই সমস্ত ঘটনাতে দিশেহারা হয়ে পড়েছিলেন। তাঁর আচার আচরণে বিষন্নতার ছাপ পড়েছিল। গতরাত্রে যুবকটি আত্মহত্যা করেন। এর চেয়ে দু:খের ঘটনা আর কী হতে পারে ?

(a) উপরের প্রতিবেদনটির একটি উপযুক্ত শিরোনাম দাও।

(b) দু'টি বাক্যে মূল বিষয়টির উপর আলোকপাত কর।

(c) নবযুবকটি কেন এই চূড়ান্ত পদক্ষেপ নিলেন ?



www.careerindia.com

CAREERINDIA

7. তোমার ভাললাগা একটি চলচ্চিত্রের (movie) কথা জানিয়ে বন্ধুকে চিঠি লেখ। প্রসঙ্গত কেন তোমার ঐ ছবিটি (বাংলা, হিন্দী বা ইংরাজি যে-কোনো ভাষার ছবি) ভাল লেগেছে সে কথাও লেখ। **3 + 3 = 6**

**অথবা**

যানজটে (Traffic Jam) পড়ে পরীক্ষার হলে পৌঁছতে কীভাবে পঁচিশ মিনিট দেরি হয়ে গেল সেকথা জানিয়ে মা-কে একটি চিঠি লেখ।

## SECTION – D (Literature)

8. লোকেরা চেঁচিয়ে উঠল – মরবে রে, নির্ঘাত মরবে বুড়িটা ! **1 + 1 + 3 = 5**

(a) উদ্ধৃত অংশটি কোন্ গল্প থেকে নেওয়া হয়েছে ?

(b) লোকেরা কেন চেঁচিয়ে উঠেছিল ?

(c) বুড়ির চেহারা কেমন ছিল ?

**অথবা**

"ময়ূর ছাড়া কার্তিক আসবে নাকি ? তোমরা ত দশটা পয়সা দিতে পারবে না প্রাণে ধরে।"

(a) উদ্ধৃত অংশটি কোন গল্প থেকে নেওয়া হয়েছে ?

(b) বক্তা কে ?

(c) বক্তার সংক্ষিপ্ত পরিচয় দাও।

9. সঠিক উত্তরটি নির্বাচন কর ঃ (MCQ) (যে কোনো পাঁচটি) **1 × 5 = 5**

(a) বাসিনী উচ্ছবকে লুকিয়ে কী খেতে দিয়েছিল ?

(i) মুড়ি

(ii) ভাত

(iii) ছাতু

(b) মৃত্যুঞ্জয়ের চোখ ছলছল করছিল :

(i) দরদে

(ii) অনুতাপে

(iii) লজ্জায়

(c) 'পউষে বাদলা' বলে

(i) ছোটলোক

(ii) ভদ্রলোক

(iii) মেয়েরা



www.careerindia.com

CAREERINDIA

(d) 'ঝিঙেশাল' চালের ভাত খাওয়া হয়

(i) মাছের সঙ্গে

(ii) মাংসের সঙ্গে

(iii) নিরামিষ ডাল তরকারীর সঙ্গে

(e) টুনুর মা বিছনা নিয়েছে

(i) জ্বরে

(ii) অনাহারে

(iii) মনের দু:খে

(f) 'অ চন্নুনীর মা। চন্নুনীরে !' – বলেছিল

(i) বাসিনী

(ii) পিসিমা

(iii) উচ্ছব

(g) 'তোরা মর। তোরা মর মুখপোড়ারা' – বলেছিল

(i) ফজলু শেখ

(ii) বুড়ি

(iii) সমবেত জনতার একজন

(h) সেদিন আপিসে যাবার পথে মৃত্যুঞ্জয় দেখল

(i) দাঙ্গাঁ

(ii) পথ দুর্ঘটনা

(iii) অনাহারে মৃত্যু

10. সপ্রসঙ্গ ব্যাখ্যা কর : **5**

চিনিলাম আপনারে / আঘাতে আঘাতে / বেদনায় বেদনায়

**অথবা**

আমার বিবেক আমার বারুদ / বিস্ফোরণের আগে

11. "বহুদিন জঙ্গলে কাটেনি দিন" – **1 + 1 + 3 = 5**

(a) কার লেখা, কোন্ কবিতার অন্তর্গত ?

(b) কবি কীসের অভাব বোধ করেছেন ?

(c) কী উপায়ে কবি এই অভাব দূর করতে চেয়েছেন ?

**অথবা**

'ক্রন্দনরতা জননীর পাশে / এখন যদি না থাকি.... '

www.careerindia.com

CAREERINDIA

(a) কার লেখা, কোন্ কবিতার অন্তর্গত ?

(b) 'ক্রন্দনরতা জননী' বলতে কী বোঝানো হয়েছে ?

(c) লেখকের এই উক্তিটির তাৎপর্য লেখ।

12. "দেখছ রজনী চাটুজ্জে ইজ রজনী চাটুজ্জে – মরা হাতি সোয়া লাখ" – **2 + 3 = 5**

(a) বক্তা কখন এই কথাটি বলেছেন ?

(b) এই কথাটি থেকে বক্তার সম্বন্ধে কী ধারণা হয় তোমার ?

অথবা

"নাট্যাভিনয়, একটি পবিত্র শিল্প"

(a) কে, কাকে বলেছেন ?

(b) উক্তিটি সম্পর্কে বক্তা কী ধারণা পোষণ করেন ?

13. সঠিক উত্তরটি নির্বাচন কর (MCQ) (যে কোন পাঁচটি) **1 × 5 = 5**

(a) "চলো এবার বিয়ে করি আমরা...." উক্তিটি

(i) কালীনাথের

(ii) রজনী চাটুজ্জের

(iii) তার প্রেমিকার

(b) অভিনয়ে আসার আগে রজনী চাটুজ্জের পেশা ছিল

(i) পুলিশ বিভাগে

(ii) ডাক্তারীতে

(iii) ব্যবসায়

(c) কালীনাথ ছিলেন থিয়েটারের

(i) অভিনেতা

(ii) প্রম্পটার

(iii) ম্যানেজার

(d) দিলদার চরিত্রটি কোন্ নাটকের ?

(i) সাজাহান

(ii) সিরাজদ্দৌল্লা

(iii) নুরজাহান

(e) অভিনেতা রজনীকান্তের বয়স ছিল :

(i) ৪০

(ii) ৫০

(iii) ৬৮

www.careerindia.com

CAREERINDIA

(f) নাটকের শুরুতে রজনীকান্ত মঞ্চের উপর দাঁড়িয়ে হাসছিলেন কেন ?

(i) তিনি একা ছিলেন

(ii) হল ফাঁকা ছিল

(iii) গ্রীণ রুমে ঘুমিয়ে পড়েছিলেন

(g) "পাবলিক তো আপনাকে ভালোবাসে চাটুজ্জেমশাই" – উক্তিটি

(i) রজনীকান্তের

(ii) রামব্রীজের

(iii) কালীনাথের

(h) রজনীকান্ত জানেন পাবলিক অভিনেতাকে

(i) সম্মান করে

(ii) ভালোবাসে

(iii) অস্পৃশ্য ভাঁড় মনে করে

14. ভারত জয় করেছিল তরুণ আলেকজান্ডার একলাই না কি ? **2 + 3 = 5**

(a) কার লেখা, কোন্ কবিতার অন্তর্গত ?

(b) কবি কেন এই উক্তিটি করেছেন ?

**অথবা**

"চীনের প্রাচীর যখন শেষ হলো সেই সন্ধ্যায় কোথায় গেল রাজমিস্ত্রিরা ?"

(a) কার লেখা, কোন্ কবিতার অন্তর্গত ?

(b) কবি এই মন্তব্যের মধ্য দিয়ে কোন্ সত্যকে প্রতিষ্ঠা করতে চেয়েছেন ?

15. 'মেঘের গায়ে জেলখানা'। **1 + 4 = 5**

(a) কোন্ জায়গায় সেই জেলখানা রয়েছে বলে লেখক বলেছেন ?

(b) সেই জেলের কী বর্ণনা দেওয়া হয়েছে ?

**অথবা**

'গোরাচাঁদ মাস্টার হলেন তাঁদের নেতা'

(a) গোরাচাঁদ মাস্টার কাদের নেতা ছিলেন ?

(b) তাঁর নেতৃত্বে কী হয়েছিল ?

www.careerindia.com

CAREERINDIA

16. সঠিক উত্তরটি নির্বাচন কর (MCQ) (যে কোন পাঁচটি) : **1 × 5 = 5**

(a) কথাবার্তায়, পোশাক পরিচ্ছদে হাজংদের সঙ্গে মিল আছে
- (i) গারোদের
- (ii) সাঁওতালদের
- (iii) ডালুদের

(b) শীতকালে পায়ের পাতা ডোবে কোন্ নদীতে ?
- (i) ধলেশ্বরী
- (ii) যমুনা
- (iii) তিস্তা

(c) হাতিবেগার প্রচলিত ছিল কোন্ অঞ্চলে ?
- (i) ভুটানসীমান্তে
- (ii) গারোপাহাড়ে
- (iii) জলপাইগুড়িতে

(d) হঠাৎ একদিন ক্ষেপে উঠল কোন শহর ?
- (i) সুসং
- (ii) মাদ্রাজ
- (iii) কলকাতা

(e) ফুটপাতে কার ছবি বিক্রী হয় ?
- (i) যতীন দাস
- (ii) বিবেকানন্দ
- (iii) রবীন্দ্রনাথ

(f) ঐ দু'টি জ্বলন্ত চোখ কী চায় ?
- (i) যুদ্ধ
- (ii) শান্তি
- (iii) অন্ন

(g) চেংমান ছিল একজন
- (i) মজুর
- (ii) চাষী
- (iii) মহাজন

(h) 'বাঙাল মানে' –
- (i) বাঙালী
- (ii) দুষ্ট লোক
- (iii) অশিক্ষিত লোক

www.careerindia.com